ভোরের কাগজ

JUN. 09 2002

এইচএসসিতে বহিষ্কৃত হয়ে ছাত্রদল ক্যাডাররা পিটিয়েছে শিক্ষককে

ময়মনসিংহ প্রতিনিধি : স্থানীয় ছাত্রদলের এক নেতাকে এইচএসসি পরীক্ষায় বহিষ্কার করার প্রতিবাদে ছাত্রদলের কতিপয় ক্যাডার আবুল কাশেম নামের একজন কলেজ শিক্ষককে কুপিয়ে মারাত্মকভাবে আহত করেছে। এই ঘটনার প্রতিবাদে নেত্রকোনার আটপাড়ায় বিক্ষুব্ধ ছাত্র-জনতা মিছিলসমাবেশ অব্যাহত রেখেছে। এই ঘটনাটি ঘটে গত বুধবার বিকালে আটপাড়া হাসপাতাল মোড়ে।

সূত্র জানায়, গত ৩০ মে এইচএসসির অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল পরীক্ষা চলাকালে আটপাড়া কলেজ কেন্দ্রে নকলসহ হাতেনাতে ধরে স্থানীয় ছাত্রদল নেতা ও পরীক্ষার্থী মনিরুজ্জামানকে পরিদর্শক সমীরণ চন্দ্র ভদ্র হল সুপার আবুল কাশেমের কাছে সোপর্দ করেন। পরে সিদ্ধান্ত অনুসারে পরীক্ষার্থী মনিরুজ্জামানকে বহিষ্কার করা হয়। এরপর থেকে ছাত্রদলের কতিপয় ক্যাডার উক্ত দুই শিক্ষককে প্রাণনাশের হুমকি দিতে থাকে।

গত বুধবার বিকালে হল সুপার আবুল কাশেমকে আটপাড়া হাসপাতাল মোড়ে সুযোগমতো পেয়ে স্থানীয় ছাত্রদলের কতিপয় চিহ্নিত ক্যাডার তাকে এলোপাতাড়ি ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে মারাত্মকভাবে আহত করে নির্বিঘ্নে চলে যায়। পরে রক্তাক্তাবস্থায় তাকে স্থানীয় লোকজন প্রথমে আটপাড়া হাসপাতলে এবং ঐরাতেই তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়।

এই সংবাদ ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ ছাত্র-জনতা শিক্ষক হামলার বিচারের দাবিতে রাস্তায় নেমে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করে। পুলিশ ছাত্র-জনতার রোষের কারণে পরবর্তী সময়ে ছাত্রদল নেতা ও পরীক্ষার্থী মনিরুজ্জামানকে গ্রেপ্তার করতে বাধ্য হয়।